গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
কামাল টাওয়ার, বাড়ী নং- ৩৬২/৩ (২য় তলা), নতুন কলেজ রোড
ঝালকাঠি
Web: food.jhalakathi.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.৪২০০.০০০.৫০.০০৩.২১.১০২২

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১৫ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: নলছিটি এলএসডি হতে ঝালকাঠি গ্রেড-১ এলএসডিতে নৌ- পথে ৪০২.৪৮০ মে. টন সংগৃহীত বোরো/২৪ চালের অভ্যন্তরীণ চলাচল সূচী।

সূত্র: ১। এ কার্যালয়ের ১৪/০৭/২০২৪ খ্রি. তারিখের ১০১৫ নং স্মারক।
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল মহোদয়ের ১৫/০৭/২০২৪ খ্রি. তারিখের টেলিফোনিক নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ বোরো সংগ্রহ/২০২৪ মৌসুমে নলছিটি এলএসডিতে ধান ও চাল সংগ্রহ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের স্বার্থে নলছিটি এলএসডি'র খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে নলছিটি এলএসডিতে সংগৃহীত বোরো/২৪ চাল হতে ৪০২.৪৮০ মে. টন চাল অন্য কেন্দ্রে প্রেরণের জন্য সূত্রস্থ ০১ নং স্মারকে চলাচল সূচি জারীর পূর্বানুমতি প্রদানের অনুরোধের প্রেক্ষিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল মহোদয় টেলিফোনিক ভাবে নলছিটি এলএসডি হতে ৪০২.১৮০ মে. টন সংগৃহীত বোরো/২৪ চাল ঝালকাঠি গ্রেড-১ এলএসডিতে অভ্যন্তরীণ চলাচল সূচি জারীর পূর্বানুমতি প্রদান করেছেন।

এ অবস্থায়, নলছিটি এলএসডি হতে ঝালকাঠি গ্রেড-১ এলএসডিতে সাশ্রয়ী রুট বিবেচনায় নৌ-পথে নিম্নোক্তভাবে চলাচল সূচী জারী করা হলো।

ক্রমিক নং	অভ্যন্তরীণ নৌ পরিবহন ঠিকাদারের নাম	পণ্য	প্রেরণ কেন্দ্র	প্রাপক কেন্দ্র	সূচীর পরিমাণ (মে. টনে)	সূচীর মেয়াদ
০১	মেসার্স তামিম এন্টার প্রাইজ, প্রো: মো: আনোয়ার হোসেন, কাউনিয়া, জানকিসিংহ রোড, বরিশাল।	চাল (সিদ্ধ) বোরো/২৪	নলছিটি এলএসডি	ঝালকাঠি গ্রেড-১ এলএসডি	৪০২.৪৮০ (চারশত দুই মে.টন চারশত আশি কেজি)	২২/০৭/২০২৪ খ্রি. পর্যন্ত

শর্তাবলী:

১। ঠিকাদারকে পণ্য নিরাপত্তা জামানত বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নিম্নস্বাক্ষরকারীর বরাবরে জমা দিয়ে সূচী বাস্তবায়ন করতে হবে।

২। প্রেরিত খাদ্যশস্য বিনির্দেশসম্মত আছে কি-না, তা দেখে বোঝাই দিতে হবে এবং ভি-ইনভয়েসের ‘‘পণ্য/প্রকার’’ বক্সে পণ্যের মান সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩। প্রেরক কেন্দ্র হতে প্রেরণকালে প্রতিটি বস্তায় বোঞ্জা মেরে প্রেরিতব্য খাদ্যশস্য মানসম্মত কি-না, তা নিশ্চিত হয়ে ভাল মানের খাদ্যশস্য প্রেরণ করতে হবে। প্রাপক কেন্দ্র প্রতিটি বস্তায় বোঞ্জা মেরে খাদ্যশস্যের মান, প্রাপ্ত চালের বস্তার গায়ে সদ্য সংগৃহীত "বোরো/২৪ চাল" এবং মিলের নাম সম্বলিত স্টেনসীল নিশ্চিত হয়ে গ্রহণ করতে হবে। কোন জীবন্ত পোকাসহ খাদ্যশস্য প্রেরণ বা গ্রহণ করা যাবে না। সূচীর মেয়াদ শেষ হলে বোঝাইকৃত এবং প্রাপ্ত খাদ্যশস্যের বিবরণী দ্রুত এই দপ্তরে প্রেরণ করতে হবে।

৪। প্রেরণকালে প্রেরিত খাদ্যশস্যের দু'টি নমুনা সংগ্রহ করে সীলগালাকৃত অবস্থায় একটি প্রেরণ কেন্দ্রে সংরক্ষণ করতে হবে এবং অপরটি পরিবাহকের মাধ্যমে সীলগালাকৃত অবস্থায় প্রাপক কেন্দ্রে প্রেরণ করতে হবে।

৫। প্রাপক কেন্দ্রের উপজেলা খাদ্য নিয়ন্ত্রক পরিবহনকৃত খাদ্যশস্য সরেজমিনে প্রাপ্তি নিশ্চিত করবেন।

৬। খাদ্যশস্য বোঝাই দিয়ে দ্রুত প্রাপক কেন্দ্রকে এবং খাদ্যশস্য প্রাপ্ত হয়ে দ্রুত প্রেরণ কেন্দ্রকে ইনভয়েসের পাশাপাশি পত্র মারফত/ফোনে জানাতে হবে।

৭। আবহাওয়ার অবস্থা ও গতি-প্রকৃতি বিবেচনাপূর্বক মালামাল বোঝাই দিতে হবে; সম্ভাব্য দুর্যোগপূর্ণ আবহাওয়ায় মালামাল বোঝাই দেয়া যাবে না।

৮। পরিবাহিত যান বোঝাই দেয়ার পর খাদ্যশস্যের বস্তা ভালভাবে ত্রিপল দিয়ে ঢেকে দিতে হবে।

৯। প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা প্রেরণ, প্রাপ্তি ও ভি-ইনভয়েস মনিটরিং করবেন।

১০। পরিবহনকালে পণ্যের সম্পূর্ণ হেফাজতের জন্য পরিবহন ঠিকাদার দায়ী থাকবেন।

১১। প্রেরণ কেন্দ্র হতে পণ্য গ্রহণের/বোঝাই নেয়ার সর্বাধিক ২৪ ঘন্টার মধ্যে প্রাপক কেন্দ্রে হস্তান্তর করতে হবে।

১২। নির্দিষ্ট সময়সীমার মধ্যে সূচীকৃত পরিমাণ চাল ঠিকাদার কর্তৃক গন্তব্যস্থানে পৌছানো নিশ্চিত করতে হবে।

১৩। পরিবহন/চলাচল সংক্রান্ত জারীকৃত সকল নীতিমালা ও পরিপত্র মেনে সূচী বাস্তবায়ন করতে হবে।

১৪। পরিবহন ঠিকাদারের ঠিকাদারী কাজের সংশ্লিষ্ট কাগজপত্রের সঠিকতা নিশ্চিত হওয়ার পর কার্যক্রম শুরু করতে হবে।

১৫। প্রেরণ কেন্দ্র হতে সংগৃহীত চাল প্রেরণের পূর্বে খামালের ভৌত বিশ্লেষণ সম্পন্ন নিশ্চিত করতে হবে।

১৬। প্রেরণ কেন্দ্র ও প্রাপক কেন্দ্রে Movement Software- এ ইনভয়েস এন্ট্রিকরণ নিশ্চিত করতে হবে।

১৫-০৭-২০২৪

বি.এম শফিকুল ইসলাম
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
+৮৮০২-৪৭৮৮৭৫৬৫২
dcf.jkt@dgfood.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, গ্রেড-১ এলএসডি, ঝালকাঠি এবং

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নলছিটি এলএসডি, ঝালকাঠি।

স্মারক নম্বর: ১৩.০১.৪২০০.০০০.৫০.০০৩.২১.১০২২/১ (৯)

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১৫ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;

২। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর;

৩। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর;

৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি;

৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল। জারীকৃত চলাচল সূচির ভূতাপেক্ষ অনুমোদন প্রদানের জন্য সবিনয় অনুরোধ করা হলো;

৬। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, ঝালকাঠি;

৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা হিসাব রক্ষণ অফিস, ঝালকাঠি;

৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঝালকাঠি সদর/নলছিটি, ঝালকাঠি এবং

৯। মেসার্স তামিম এন্টারপ্রাইজ, সত্বাধিকারী- মো: আনোয়ার হোসেন, কাউনিয়া, জানকিসিংহ রোড, বরিশাল। নির্দিষ্ট সময়সীমার মধ্যে খাদ্যশস্য পরিবহনে ব্যর্থ হলে চুক্তি মোতাবেক প্রশাসনিক/আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫-০৭-২০২৪
বি.এম শফিকুল ইসলাম
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)